| MONDOL INTIMATES LIMITED | শিরোনাম | অগ্নি নিরাপত্তা নীতিমালা |
|---|---|---|
| | Last Update | জানুয়ারী ০৪, ২০২০ ইং |
| | Next Update | জানুয়ারী ০৪, ২০২১ ইং |
| | রেকর্ড নম্বর, ডকুমেন্ট | MI/Policy |

**প্রতিশ্রুতিঃ**

আমরা মন্ডল ইন্টিমেটস্ লিমিটেড আমাদের কর্মীদের জন্য নিরাপদ এবং অগ্নি ঝুঁকিমুক্ত কর্ম পরিবেশ নিশ্চিত করতে বদ্ধ পরিকর। আমাদের কর্মী এবং সম্পত্তিকে অগ্নি ঝুঁকি এবং দূঘটনা থেকে রক্ষা করার জন্য অগ্নি নিরাপত্তা নীতি প্রনয়ন করা হয়েছে।

**প্রসঙ্গঃ**

অগ্নি নিরাপত্তা আইন, ২০০৩ ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, ২০১০ আইন সমূহ হল এই পদ্ধতির মূল ভিত্তি।

**উদ্দেশ্যঃ**

অগ্নি নিরাপত্তা নীতিমালা প্রনয়নের উদ্দেশ্য হল নিরাপত্তা কর্ম পরিবেশ নিশ্চিত করা, অগ্নি দূর্ঘটনা এড়ানোর জন্য প্রতিরোধক ব্যবস্থা গ্রহন করা এবং জরুরি অবস্থার ক্ষেএে অগ্নি দূঘটনা এড়ানোর জন্য তাৎক্ষনিক প্রস্তুতি নিশ্চিত করা।

**লক্ষ্যঃ**

অগ্নি দূর্ঘটনা মুক্ত কর্মস্থল নিশ্চিত করা।

**পরিধিঃ**

মন্ডল ইন্টিমেটস্ লিমিটেড কারখানার স্থাপনা ও সকল শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেএে প্রযোজ্য।

**বিষয়বস্তুঃ**

অগ্নি নিরাপত্তা নীতিমালা হল অগ্নি দূর্ঘটনা এড়ানোর জন্য প্রতিরোধক ব্যবস্থা গ্রহনের মূলনীতি। এটা হল অগ্নি নিরাপত্তা ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম বাস্তবায়নের খসড়া।

## অগ্নি নিরাপত্তা নীতিমালাঃ

### অগ্নি প্রতিরোধক কার্যক্রমঃ

দেশীয় মানদন্ড অনুযায়ী কর্মক্ষেএে সব ধরনের অগ্নি প্রতিরোধক ব্যবস্থা চালু করা। প্রশাসন বিভাগ যেখানে অগ্নি প্রতিরোধক ব্যবস্থা চালু করা এবং সুযোগ সুবিধা রাখা প্রয়োজন সেখানে উপযুক্ত অগ্নি প্রতিরোধক ব্যবস্থাপনা পদ্ধতি চালু করতে বদ্ধ পরিকর।

### অগ্নি প্রতিরোধক নীতিমালা ঃ

**ক) ফায়ার স্টেশন ঃ**

কারখানার প্রতিটি ফ্লোরে কমপক্ষে ১ টি করে ফায়ার স্টেশন থাকবে যা ২ নং সিঁড়ির কাছে কার্গো লিফটের পাশে নির্ধারিত স্থানে অবস্থিত হবে। এছাড়া ১ টি ফায়ার রিজার্ভ স্টেশন থাকবে লোডিং এবং আনলোডিং এলাকার পাশে যাতে করে জরুরী ভিত্তিতে ব্যবহার করা যায়। প্রত্যেক ফায়ার স্টেশনে কেবিনেট ১টি, লক কাটার ২টি, ফায়ার হুক ২টি, ফায়ার ব্লাঙ্কেট ৫টি, হেলমেট ৪টি, গ্লাভস ৬ জোড়া, গ্রাস মাস্ক ১০টি, ফায়ার বিটার ২টি, ফায়ার বেলচা ১টি, গাম বুট ২ পেয়ার, ফায়ার প্রটেক্ট ড্রেস ১টি, এবং ১টি ম্যানিলা রোপ থাকবে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

**খ) ফায়ার হোজ রীলঃ**

কারখানায় অগ্নি দূর্ঘটনার সময় ব্যবহার উপযোগী সর্বমোট ৬ টি ফায়ার হোজ রীল এবং ১৯ টি হোস পাইপ থাকবে। প্রত্যেক ফ্লোরের ১নং সিড়িঁর কাছে ১টি, ২নং সিড়িঁর কাছে ১টি এবং ফায়ার এর সিড়িঁর কাছের দরজা দিয়ে ঢোকার স্থানে ১টি করে ফায়ার হোজ রীল স্থাপন করতে হবে।

**গ) ফায়ার ইস্টিংগুইসারঃ**

কারখানার অগ্নি দূঘটনাকে মোকাবেলা করার জন্য সর্বমোট ৩৬৭ টি ফায়ার ইস্টিংগুইসার থাকবে, যার মধ্যে ৭২ টি কার্বন-ডাই-অক্সাইড এবং ৩৩৫ টি এবিসি ড্রাই পাউডার থাকবে। আরও উল্লেখ্য যে ৩৬৭ টির মধ্যে মোট ৩৪৪ টি ফায়ার ইস্টিংগুইসার ফ্লোরে থাকবে প্রতি ৫৫০ বর্গফুট অন্তর অন্তর এবং বাকি ২৩টি রিজার্ভ স্টেশনে থাকবে যাতে করে জরুরী ভিত্তিতে ব্যবহার করা যায়। প্রত্যেক মাসে কমপক্ষে একবার প্রত্যেকটি ফায়ার ইস্টিংগুইসারের প্রেসার, রিফিল তারিখ এবং এর বাহ্যিক গঠন নিরীক্ষন করতে হবে এবং তার একটি রেকর্ড সংরক্ষন করতে হবে যা প্রতিটি ফায়ার ইস্টিংগুইসারের সাথে সংযুক্ত থাকবে। এছাড়া প্রত্যেক মাসে অগ্নি নির্বাপন কর্মীদের ফায়ার ইস্টিংগুইসারের ব্যবহারবিধি সর্ম্পকে প্রশিক্ষন দিতে হবে।

**ঘ) ফায়ার এর্লাম ঃ**

কারখানার অগ্নি দূঘর্টনায় সকলকে সর্তক করার জন্য স্বয়ংক্কিয় ফায়ার এর্লাম সুইচ এবং প্রয়োজনীয় সংখ্যক স্মোক ডিটেক্টও থাকবে।এছাড়াও প্রতিটি ফ্লোরে হাতে বাজানো গং বেল থাকবে যা বিদুৎ শক্তি না থাকলেও সকলকে সর্তক করার জন্য বাজানো যাবে।প্রতি মাসে বর্হিগমন মহড়ার সময় ফায়ার এর্লামসমূহ ও গং বেলের কার্যকারীতা পরীক্ষা করতে হবে।

**ঙ) অগ্নি নির্বাপন মহড়া ঃ**

প্রতি মাসে ঘোষনা ছাড়াই নিরাপদ বহির্গমনের জন্য বর্হিগমন মহড়া করতে হবে। পাশাপাশি প্রতি ৬ মাস অন্তর অন্তর ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স বিভাগের সহযোগিতায় অগ্নি নির্বাপণ মহড়ার আয়োজন করতে হবে।

**চ) জরুরী বাতি ঃ**

কারখানার প্রতিটি ফ্লোরে ও সেকশনে প্রয়োজনীয় সংখ্যক আইপিএস সংযুক্ত জরুরী বাতি স্থাপন করতে হবে যা দূর্ঘটনার সময় জরুরী বহির্গমনে সহায়ক ভূমিকা পালন করবে। নিয়মিত নিরীক্ষন এবং পরিদর্শনের মাধ্যমে জরুরী বাতিকে কার্যকরী রাক্ষতে হবে।

| | | |
| --- | --- | --- |
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

### ছ) জরুরী জানালাঃ

কারখানায় প্রতিটি ফ্লোরে জরুরী জানালা থাকবে যা জরুরী উদ্বার কাজের জন্য ব্যবহার করা যাবে যে কোন অগ্নি দূর্ঘটনার ক্ষেত্রে।

### অন্যান্য নিরদেশিকাঃ

নিয়মিত নিরীক্ষন এবং পরিদর্শনের মাধ্যমে অগ্নি নির্বাপক যন্তপাতিসমূহকে সব সময় কার্যকরী রাখতে হবে। রক্ষনাবেক্ষন বিভাগ অগ্নি প্রতিরোধক ব্যবস্থাপনা পদ্ধতির অধীনে অগ্নি নির্বাপক যন্তপাতিসমূহকে সর্ব সময়ের জন্যে কার্যকরী রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

অগ্নি নির্বাপক কর্মী, উদ্বার কর্মী এবং প্রাথমিক চিকিৎসকগনকে প্রশিক্ষিত করতে হবে। কেউ যদি কোন দল থেকে চলে যায় সেক্ষেত্রে নতুন কাউকে পতিস্থাপন করতে হবে। প্রশাসন বিভাগ এই ধরনের বিন্যাসের জন্য দায়বদ্ধ।

জরুরী ক্ষেত্রে নিরাপদ বহির্গমনের জন্য নিয়মিত প্রস্তুতিমূলক অগ্নি নির্বাপণ মহড়ার আয়োজন করবে। প্রশাসন বিভাগ এই ধরনের ফায়ার ড্রিল ও নিরাপদ বহির্গমনের জন্য দায়িত্বপ্রাপ্ত।

কারখানার যে কোন প্রান্ত থেকে বর্হিগমনের পথ চিহ্নিতকরণ সহ অগ্নি বহির্গমনের পরিকল্পনা কর্মস্থলের সকল উপযুক্ত স্থানে লাগাতে হবে। রক্ষনাবেক্ষন বিভাগ কারখানাতে পর্যাপ্ত পরিমানে বহির্গমনের পরিকল্পনা সরবরাহ করার জন্য দায়িত্বপ্রাপ্ত।

### ঝ) অগ্নি দূঘটনার ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ ঃ

যে কোন ধরনের দূঘটনার ক্ষেত্রে নিকটস্থ অগ্নি নির্বাপন কর্মী ফায়ার এলার্ম সুইচের মাঝের সাদা রংয়ের পুল লিখা হাতলটি টানবে, যখন সে নিজে আগুন সম্পর্কে অবগত হবে। অন্যান্য অগ্নি নির্বাপক কর্মীগন গং বেল বাজাবে প্রত্যেক ব্যক্তিকে এই দূর্ঘটনা সম্পর্কে নিশ্চিত করার জন্য। বিদুৎ কর্মীরা যখন কারখানায় অগ্নি দুর্ঘটনা সম্পর্কে অবগত হতে পারবে সাথে সাথে তখন তারা বৈদ্যুতিক সরবরাহ বন্ধ করবে।


নিরাপত্তা কর্মীগণকে এবং অগ্নি নিয়ন্ত্রনে জড়িত ব্যক্তিবর্গকে প্রশিক্ষন দিতে হবে কিভাবে ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা যাবে - হেড কোয়াটার ঃ ০২-৯৫৫৫৫৫৫, ০২-৯৫৫৬৬৬৭, জয়দেবপুর ঃ ০২-৯২৫২৬২৮, টঙ্গিঃ ০২-৯৮০১০৭০। প্রশাসন বিভাগের ম্যানেজার সংশ্লিষ্ট কর্মীদের প্রশিক্ষন দেওয়ার জন্য দায়িত্বপ্রাপ্ত।

অগ্নি নির্বাপক কর্মীগণ সঠিক পরিমাপ ও যন্তপাতি ব্যবহার করে আগুন প্রশমিত করার পদক্ষেপ নিবে। উদ্ধারকারী দল নিষ্ক্রিয় / অক্ষম / গর্ভবতী / আহত কর্মীদের নিরাপদ বহির্গমনের জন্য কাযকরী পদক্ষেপ নিবে। উদ্ধারকারী দল নিরাপদ বহির্গমনের জন্য কাযকরী পদক্ষেপ নিবে। উদ্ধারকারী দল নিরাপদ বহির্গমনের দিক নিদের্শনা অনুসরন করবে।

প্রাথমিক চিকিৎসকগণ আহত কর্মীদের জরুরী ভিত্তিতে চিকিৎসা প্রদানের জন্য পদক্ষেপ গ্রহন করবে। নিরাপত্তা কর্মীরা যে কোন দূঘটনার সময় অনেক বেশি তৎপর হবেন যাতে করে কারখানার প্রাঙ্গনে অননুমোদিত প্রবেশ এড়ানো যায়।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

**অগ্নি নিরাপত্তা ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনার জন্য অর্গানাইজেশন চার্টঃ**




## অগ্নি নিরাপত্তা কমিটির দায়িত্বঃ

এটা উল্লেখিত যে অগ্নি নিরাপত্তা কমিটি অগ্নি নিরাপত্তা নীতিমালা মন্ডল ইন্টিমেটস্ লিমিটেড কারখানায় বাস্তবায়নের জন্য বদ্ধ পরিকর। অগ্নি নিরাপত্তা ব্যবস্থাপনা কমিটির নির্ধারিত কমিটির নির্ধারিত কাজের দায়িত্বসমূহ নিম্নে দেওয়া হলঃ

### উপদেষ্টাঃ (০১ জন)

সিনিয়র ব্যবস্থাপনা কর্মী এই পদের জন্য নির্বাচিত হবেন। ( মানব সম্পদ এবং এডমিন থেকে)
উপদেষ্টা হিসেবে এই সিনিয়র ব্যক্তির কাজ হল অগ্নি নিরাপত্তা ব্যবস্থাপনা কমিটিকে তাদের ভূমিকা নিয়ে সঠিক নির্দেশনা দেওয়া এবং তাদের কার্যাবলীসমূহ নিয়মিত মনিটর করা। (সময়সূচী অনুযায়ী মাসে একবার)

### সচিব ঃ (০১ জন)

উপদেষ্টার পরামর্শ অনুযায়ী অগ্নি নিরাপত্তা কমিটির সচিব অগ্নি নিরাপত্তা ব্যবস্থাপনা কমিটির সাথে যোগাযোগ করবেন।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

**তার নির্ধারিত কাজের দায়িত্বসমূহঃ**

অগ্নি নিরাপত্তা কমিটির আলোচনার ব্যবস্থা করা এবং উপদেষ্টার পরামর্শ নিয়ে অগ্নি নিরাপত্তা কমিটির সাথে অলোচনা করা। সদ্যসদের কাছ থেকে মতামত সংগ্রহ করা এবং সভার আলোচনার বিষয়বস্তু তৈরি করা। সভায় আলোচনার সারর্মম সংক্রান্ত মিনিট তৈরি করা যাতে করে প্রত্যেক সদস্যকে যেসব বিষয় সম্পর্কে মনে করিয়ে দেওয়া যায়।

**সদস্যঃ (০৫ জন)**

সদস্যরা তাদের নিয়মিত কাজের প্রকৃতি অনুযায়ী নির্বাচন। তাই তাদেরকে অগ্নি নিরাপত্তা নীতিমালা বাস্তবায়নের জন্য কিছু অত্যাবশকীয় ভূমিকা পালন করতে হবে, যা নিন্মে দেয়া হলঃ

অগ্রাধিকারের ভিত্তিতে যে কোন জরুরি বিষয়ে সমাধান দেয়া
কোন জরুরি বিষয়ে সমাধানের অগ্রগতি নিয়ে সচিবের কাছ থেকে আপডেট নেওয়া
সব ধরনের জরুরি বিষয়গুলোর সমাধানসমূহ রেকর্ড রাখা
অগ্নি নিরাপত্তা কমিটির বৈঠকে জরুরি বিষয়গুলোর সমাধানসমূহ নিয়ে আলোচনা করা
কোন জরুরি বিষয় তাৎক্ষনিকভাবে উপস্থাপিত হলে, উক্ত সমস্যা থেকে নিবৃত্তির জন্য সচিবের সাথে যোগাযোগ করা যেতে পারে। এছাড়া সচিব নোটিশ ছাড়াই অগ্নি নিরাপত্তা কমিটির জরুরি সভার আয়োজন করতে পারে।

**অগ্নি নির্বাপন দল ঃ (৪৬ জন)**

মন্ডল ইন্টিমেটস্ লিমিটেড ৯ম তলা বিশিষ্ট কারখানা। কারখানার প্রতিটি ফ্লোরে দায়িত্বপ্রাপ্ত অগ্নি নির্বাপন কর্মী রয়েছে। এছাড়া প্রতিটি ফ্লোরে একটি নোটির্শ র্বোড আছে যাতে দায়িত্বপ্রাপ্ত অগ্নি নির্বাপন কর্মীদের পরিচিতি উল্লেখ করা আছে। তাদের মূল দায়িত্বসমূহ হলঃ
প্রধান ডিবি র্বোডের বৈদ্যুতিক মেইন সুইচ বন্ধ করা
নিকটতম অগ্নি নির্বাপন কর্মী ফায়ার এর্লাম এবং গং বেল বাজিয়ে সবাইকে সর্তক করবে।
বিদ্যমান ফ্লোর থেকে নিরাপদে লোকজনকে বের করে আনা
অগ্নি দূঘটনার উৎসস্থল থেকে সকল দাহ্য বস্তু সরিয়ে ফেলা
অগ্নি নির্বাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা।

**উদ্ধারকারী দলঃ (৪৬ জন)**

কারখানার প্রতিটি ফ্লোরে দায়িত্বপ্রাপ্ত উদ্ধারকর্মী রয়েছে। এছাড়া প্রতিটি ফ্লোরে একটি নোটিশ র্বোড আছে যাতে দায়িত্বপ্রাপ্ত উদ্ধারকর্মীদের পরিচিতি উল্লেখ করা আছে। উদ্ধারকর্মীদের মূল দায়িত্বসমূহ হলঃ

বিদ্যমান ফ্লোর থেকে নিরাপদে লোকজনকে বের করে আনতে সহযোগিতা করা।
বাধামুক্ত বর্হিগমন পথ নিশ্চিত করা।
দূগটনাস্থল হতে আহত ব্যক্তি / অক্ষত/গর্ভবতী মহিলাদের জরুরি বর্হিগমনে সহায়তা করা।

## প্রাথমিক চিকিৎসা কর্মী দলঃ (২৭)

কারখানার প্রতিটি ফ্লোরে দায়িত্বপ্রাপ্ত প্রাথমিক চিকিৎসা কর্মী রয়েছে। এছাড়া প্রতিটি ফ্লোরে একটি নোটিশ বোর্ড আছে যাতে দায়িত্বপ্রাপ্ত প্রাথমিক চিকিৎসা কর্মীদের পরিচিতি উল্লেখ করা আছে। প্রাথমিক চিকিৎসা কর্মীদের মূল দায়িত্বসমূহ হলঃ

অগ্নি দূঘটনার সময় আহত কর্মীদের তাৎক্ষনিক চিকিৎসা প্রদান করা।

প্রয়োজন অনুযায়ী রোগীকে হাসপাতালে প্রেরণের জন্য যোগাযোগ করা।

**নিরাপত্তা কর্মীঃ**

সকল নিরাপত্তা কর্মী কারখানার নিরাপত্তার জন্য দায়িত্বপ্রাপ্ত। প্রশাসন বিভাগ নিরাপত্তা কর্মীদের প্রশিক্ষণ দিতে দায়িত্বপ্রাপ্ত।

রুটিন এবং পদ্ধতিঃ

অগ্নি নিরাপত্তা নীতিমালার কার্যকারীতা তিনটি ধাপ অনুযায়ী বাস্তবায়িত হবে। যেগুলি হচ্ছে ১) যোগাযোগ, ২) বাস্তবায়ন, ৩) ফলাফল এবং নিয়ন্ত্রন।

## ১. যোগাযোগ পদ্ধতি

| কর্মকান্ড | পদ্ধতি | কে | কখন | সময়সীমা |
|---|---|---|---|---|
| ১.ক। অগ্নি নিরাপত্তা কমিটিকে অগ্নি নিরাপত্তা নীতি বিষয় সর্ম্পকে জানানো | সভা/ নোটিশ | অগ্নি নিরাপত্তা কমিটির সচিব | অগ্নি নিরাপত্তা নীতির পরিবর্তন হলে। | অগ্নি নিরাপত্তা নীতি বিষয়ক জানানোর ১ দিনের মধ্যে। |
| ১.খ। উচ্চ পদস্থ ব্যবস্থাপনা কতৃপক্ষকে অগি নিরাপত্তা নীতি সম্পর্কে জানানো | সভা/ নোটিশ | অগ্নি নিরাপত্তা কমিটির সচিব | অগ্নি নিরাপত্তা নীতির পরিবর্তন হলে। | অগ্নি নিরাপত্তা নীতি বিষয়ক জানানোর ১ সপ্তাহের মধ্যে। |
| ১.গ। মধ্য পর্যায়ের ব্যবস্থাপনা/সুপারভাইজার স্টাফদের অগ্নি নিরাপত্তা নীতি বিষয় সর্ম্পকে জানানো। | সভা/ ট্রেনিং | অগ্নি নিরাপত্তা কমিটির সচিব | অগ্নি নিরাপত্তা নীতির পরিবর্তন হলে। | অগ্নি নিরাপত্তা নীতি বিষয়ক জানানোর ১ সপ্তাহের মধ্যে। |
| ১.ঘ। বর্তমান শ্রমিকদের অগ্নি নিরাপত্তা নীতি বিষয় সর্ম্পকে জানানো। | সভা/ট্রেনিং/পিএ সিস্টেম/নোটিশর্বোড | অগ্নি নিরাপত্তা কমিটির সচিব | অগ্নি নিরাপত্তা নীতির পরিবর্তন হলে। | ট্রেনিং শিডিউল অনুসরন করা হবে। |
| ১.ঙ। নতুন শ্রমিকদের সাথে অগ্নি নিরাপত্তা নীতি বিষয় সর্ম্পকে জানানো। | সভা/ট্রেনিং/পিএ সিস্টেম/নোটিশর্বোড | অগ্নি নিরাপত্তা কমিটির সচিব | ওরিয়েন্টেশনের সময় | ওরিয়েন্টেশনের শিডিউল অনুসরন করা হবে। |

প্রশিক্ষন মডিউল তৈরি ও এটি অনুসরণ করা হবে

## ২. বাস্তবায়ন পদ্ধতিঃ

| কর্মকান্ড | পদ্ধতি | কে | কখন | সময়সীমা |
|---|---|---|---|---|
| ২.ক. কর্মক্ষেত্রে অগ্নি নিরাপত্তা নীতি বাস্তবায়ন করা মন্ডল ইন্টিমেটস্ লিঃ প্রধান লক্ষ্য। | যোগাযোগের, নিরিক্ষণ এবং মনিটর করা | সাইদুল, সদস্য | অগ্নি নিরাপত্তা নীতি প্রস্তুত হলে | নিয়মিত |
| ২.খ. কর্মক্ষেতের যে কোন ধরনের উত্থাপিত সমস্যা। | সভা এবং মনিটর করা | মার্গারেট গ্রং, সদস্য | অগ্নি নিরাপত্তা কমিটির শিডিউল অনুযায়ী সভা। | অগ্নি নিরাপত্তা কমিটির সভার সাত কর্ম দিবসের মধ্যে |
| ২.গ. জরুরী বিষয় উত্থাপিত হলে | জরুরী সভা ডাকবে (যদি প্রয়োজন হয়) | অগ্নি নিরাপত্তা কমিটির সচিব | জরুরী বিষয় উত্থাপিত হওয়ার সময় | অবিলম্বে |

| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
|---|---|---|
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

### ৩. ফলাফল এবং নিয়ন্ত্রণ পদ্ধতিঃ

| কর্মকান্ড | পদ্ধতি (কিভাবে) | কে | কখন | সময়সীমা |
| --- | --- | --- | --- | --- |
| ৩. ক চেকলিষ্ট* | -অগ্নি নিরাপত্তা নীতির কার্যকারিতা সঠিক ভাবে পরীক্ষা করা।<br>- কর্মক্ষেএে অগ্নি নিরাপত্তা নীতি সম্পর্কিত সমস্যা পরীক্ষা করা।<br>- নিয়মিত অগ্নি মহরার রেকর্ড পরীক্ষা করা।<br>- নিয়মিত অগ্নি সরঞ্জামের রেজিষ্টার পরীক্ষা করা।<br>- প্রশিক্ষিণ এবং ওরিয়েন্টেশনের ব্যবস্থা করা | মার্গারেট স্রং, সদস্য | মাসিক | নিয়মিত |
| ৩.খ** প্রশ্নাবলী কর্মী/মধ্য পর্যায়ের উৎপাদন ব্যবস্থাপনা/উৎপাদন ব্যবস্থাপনা কর্মীদের কাছ থেকে মতামত পেতে প্রশ্নাবলী তৈরি করা | উপরের মত একই পদ্ধতি অনুসরণ করা যেথে পারে। | সাইদুর, সদস্য | মাসিক | নিয়মিত |
| ৩.গ আভ্যন্তরীণ নিরীক্ষন | আভ্যন্তরীণ অগ্নি নিরাপত্তা সম্পর্কিত নিরীক্ষণ পদ্ধতি অনুসরণ করা যেতে পারে। | মার্গারেট স্রং, সদস্য | মাসিক | নিয়মিত |
| ৩.ঘ প্রতিবেদন | - আভ্যন্তরীণ অগ্নি নিরাপত্তা সম্পর্কিত নিরীক্ষন রিপোর্টি তৈরি করা।<br>- আলোচনা সভার আয়োজন করা<br>- মূল কারণ বিশ্লেষণ<br>- সংশোধনমূলক কার্যক্রম | মার্গারেট স্রং, সদস্য | মাসিক | নিয়মিত |
| ৩. ঙ নিয়ন্তণ | -অগ্নি নিরাপত্তা সম্পর্কিত নিরীক্ষণের সমস্যসমূহ ঝুকি বিশ্লেষণ<br>- প্রতিরোধ ব্যবস্থা<br>- মনিটর করা | অগ্নি নিরাপত্তা কমিটির সচিব | মাসিক | নিয়মিত |

* উত্থাপিত অগ্নি নিরাপত্তা সম্পর্কিত বিষয়ের রুটিন এবং পদ্ধতি ধারা ৩.ক ও ৩.খ সঠিকভাবে পালন করা হচ্ছে কিনা তা করাার জন্য একটি চেকলিস্ট তৈরি করা হবে।

* কর্মী/ মধ্য পর্যায়ের উৎপাদন ব্যবস্থাপনা/উৎপাদন ব্যবস্থাপনা কর্মীদের কাজ থেকে মতামত পাওয়ার জন্য একটি প্রশ্নমালা তৈরি করতে হবে।

যোগাযোগ এবং বাস্তবায়নঃ
যোগাযোগঃ যোগাযোগ পদ্ধতি (১) অনুসরন করুন।
বাস্তবায়নঃ বাস্তবায়ন পদ্ধতি(২) অনুসরন করুন "দ

| | | |
| --- | --- | --- |
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |